**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্যের গ্রামীন অর্থনীতিকে উন্নত করার লক্ষ্যে স্ব-সহায়ক গোষ্ঠীগুলি সক্রিয়ভাবে কাজ করছে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এডিসি এলাকায় সাম্প্রতিক কিছু অনভিপ্রেত ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত কখনও কোনো ধরনের সন্ত্রাসবাদের কাছে মাথা নত করবে না এবং সন্ত্রাসবাদীদের ষড়যন্ত্র কখনও সফল হবে না।**
**(৪) উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা জয় পেয়েছে।**

*****************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্যের গ্রামীন অর্থনীতিকে উন্নত করার লক্ষ্যে স্ব-সহায়ক গোষ্ঠীগুলি সক্রিয়ভাবে কাজ করছে। আজ লোকভবনে স্ব-সহায়ক গোষ্ঠীর প্রতিনিধিদের নিয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে তিনি ৫টি স্ব-সহায়ক গোষ্ঠীর প্রতিনিধিদের হাতে বাচ্চা হাঁস তুলে দেন। তিনি বলেন, স্ব-সহায়ক গোষ্ঠীর কাজকে আরো উৎসাহিত করার লক্ষ্যে পরীক্ষামূলকভাবে আধুনিক হ্যাচারীর মাধ্যমে উন্নত প্রজাতির বাচ্চা হাঁস উৎপাদন করার লক্ষ্য নেওয়া হয়েছে লোকভবনে। আগামী ৬ মাস এই হ্যাচারীর মাধ্যমে উৎপাদিত বাচ্চা হাঁস

টি.আর.এল.এম মিশনের মাধ্যমে স্বসহায়ক গোষ্ঠীর কাছে পৌঁছে দেওয়া হবে।

#####Byte-Governor#####

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, টি.আর.এল.এম এর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক টি কে চাকমা, পশ্চিম জেলার জেলাশাসক ড: বিশাল কুমার সহ অন্যান্য আধিকারিকরা।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এডিসি এলাকায় সাম্প্রতিক কিছু অনভিপ্রেত ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আজ সিপাহীজলা ও দক্ষিণ জেলায় সফরকালে মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন ও তাদের নিরাপত্তা এবং প্রশাসনিক সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। তিনি আজ সাব্রুম মহকুমার মনুবনকুল, চালিতা বনকুল এলাকা সফর করেন। উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, দক্ষিন জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত প্রমুখ।

*************************

**Joint Entrance :**

ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন পরিচালিত এ বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়েছে। বোর্ডের চেয়ারম্যান ডঃ শুভদ্বীপ পাল জানিয়েছেন এবছর মোট ৪ হাজার ৭৩১ জন পরীক্ষার্থী রাজ্যের ১৫টি কেন্দ্রে পরীক্ষা দিয়েছেন। এদের মধ্যে ২০৮৬ জন ছাত্র এবং ২ হাজার ৬৪৫ জন ছাত্রী।

**************************

**TB Mukt Bharat :**

কেন্দ্রীয় সরকারের ধারবাহিক প্রচেষ্টার অঙ্গ হিসেবে গত ২৪শে মার্চ থেকে গোটা দেশ জুড়ে শুরু হয়েছে 'টিবি মুক্ত ভারত অভিযানের" দ্বিতীয় পর্বের ১০০ দিনের কর্মসূচি। তার সঙ্গে সঙ্গতি রেখে সিপাহীজলা জেলার বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রের অধীন চলছে স্ক্রিনিংয়ের মাধ্যমে যক্ষা রোগীদের চিহ্নিতকরনের প্রাথমিক প্রক্রিয়া। বাড়ি বাড়ি গিয়ে এই কাজ করছেন আশা, MPW কর্মীরা। প্রাথমিক পর্যায়ের এই সমীক্ষা শেষে যক্ষার সম্ভাবনা থাকা ব্যক্তিদের স্বাস্থ্য শিবিরের মাধ্যমে চূড়ান্ত পরীক্ষা নিরীক্ষা করা হবে। যদি টিবি চিহ্নিত হয় তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে বলে জানিয়েছেন সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জ ডক্টর পার্থ প্রতিম দাস।

*************************

**Package Story-Healthy Panchayat :**

ত্রিপুরার ঊনকোটি জেলার ছোট্ট গ্রাম কাঞ্চনবাড়ি পঞ্চায়েত। আজ এই গ্রাম জুড়ে খুশির হাওয়া। কেন্দ্রীয় সরকারের পঞ্চায়েতীরাজ মন্ত্রক দেশের প্রায় ২ লক্ষ ৬৮ হাজার পঞ্চায়েতের মধ্যে কাঞ্চনবাড়িকে ঘোষণা করেছে সেরা “স্বাস্থ্যবান পঞ্চায়েত” হিসেবে। এর পাশাপাশি, এই পঞ্চায়েত নির্বাচিত হয়েছে মর্যাদাপূর্ণ “দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত সতত বিকাশ পুরস্কার”-এর জন্য। এনিয়ে একটি একটি প্রতিবেদন।

#######VC######

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত কখনও কোনো ধরনের সন্ত্রাসবাদের কাছে মাথা নত করবে না এবং সন্ত্রাসবাদীদের ষড়যন্ত্র কখনও সফল হবে না। জম্মু ও কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসবাদী হামলার বর্ষপূর্তিতে তিনি নিহতদের স্মরণ করে জানান, দেশ তাঁদের ত্যাগ ও স্মৃতিকে কখনও ভুলবে না। নিজের সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন, এই কঠিন সময়ে দেশবাসী শোক ও সংকল্পে ঐক্যবদ্ধ রয়েছে। তিনি আরও বলেন, সন্ত্রাসের বিরুদ্ধে দেশের লড়াই অব্যাহত থাকবে এবং শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

এদিকে, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও পেহেলগাম সন্ত্রাসবাদী হামলায় নিহতদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন। তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান এবং দেশের নিরাপত্তা রক্ষায় সরকারের দৃঢ় অবস্থান পুনর্ব্যক্ত করেন।

***************************

**Kedarnath Temple :**

বৈদিক মন্ত্রোচ্চারণ ও প্রাচীন ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভোরে কেদারনাথ মন্দিরের দ্বার পুণ্যার্থীদের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলায় অবস্থিত এই পবিত্র তীর্থক্ষেত্রে সকাল

থেকেই দেশ-বিদেশের অসংখ্য ভক্তের ভিড় লক্ষ্য করা গেছে। বদ্রীনাথ মন্দিরের দ্বার আগামীকাল পুণ্যার্থীদের জন্য উন্মুক্ত করা হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে লেখা এক চিঠিতে জানিয়েছেন, কেদারনাথ ধাম ও চারধাম যাত্রা হলো দেশের বিশ্বাস, ঐক্য এবং সমৃদ্ধ ঐতিহ্যের এক দিব্য উদযাপন। তিনি জানান, এই যাত্রাগুলো ভারতের শাশ্বত সংস্কৃতির ঝলক দেখায়।

**************************

**CPIM :**

যথাযোগ্য মর্যাদার সঙ্গে আজ ভ্লাদিমির লেনিনের ১৫৭তম জন্মবার্ষিকী পালন করেছে সি.পি.আই(এম)। এ উপলক্ষে আজ আগরতলায় আয়োজিত এক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বামফ্রন্টের আহবায়ক মানিক দে, প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত। এ উপলক্ষ্যে আগরতলায় এক হলসভায় বক্তব্য রাখেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার।

****************************

**Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

*************************

**Northeastern Cricket :**

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা জয় পেয়েছে। আজ গুয়াহাটির ফুলুঙ্গের এ সি এ মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৮ উইকেটে মেঘালয়কে হারিয়ে দেয়। ফলে টানা দুই ম্যাচে জয় পেলো রাজ্যদল।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলা, ঊনকোটি ও ধলাই জেলায় ৪০থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলায় বজ্র বিদ্যুৎ এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

************************